"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

# সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (জিআইএস) পদে
# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নং-২৭.১২.২৬৩৭.১১০.০১১.২৬৪(১).১৭- ৯৭০৭ তারিখঃ ১৯ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ।

স্মারক নং- ২৭.১২.২৬৩৭.১১০.০১১.২৬৪(১).১৬-৮২৪, তারিখঃ ১৩/১১/২০১৬ খ্রিঃ জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির অপরাপর শর্তাবলী অপরিবর্তিত রেখে ক্রমিক নং- ০২ এ বর্ণিত পদ জিআইএস কাম ক্যাড টেকনিশিয়ান পদের নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করতঃ উক্ত পদের নাম পরিবর্তন করে সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (জিআইএস) পদে নিয়োগ প্রদান/ প্যানেল তৈরীর জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নির্বাচিত প্রার্থী যোগদানে সম্মত হলে তাঁকে প্রথমে ০১(এক) বৎসরের জন্য চুক্তিভিত্তিক/অন-প্রবেশন এ নিয়োগ করা হবে। চুক্তিকাল/ অন-প্রবেশনকাল উত্তীর্ণ হওয়ার পর সন্তোষজনক কর্মসম্পাদন ও আচরণ এবং মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স থাকা সাপেক্ষে নিয়মিত করা হবে। পদের নামের পার্শ্বে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, বেতন স্কেল এবং আবেদন করার যোগ্যতা উল্লেখ করা হলোঃ-

| ক্রঃ নং | পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন স্কেল (Pay Fixation 2016 অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (জিআইএস) | ০৪ (চার) টি | ১০/০৪/২০১৭ খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ৩০ বৎসর। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বৎসর | a) Diploma in Architecture/ Civil/ Electrical/ Mechanical/ Power/ URP/ Computer Engineering/ Computer Science.<br>b) Must have Knowledge of GIS and CAD software.<br>c) Must have minimum 06 (six) months working experience in GIS for electrical distribution system. Working in Rural Electrification System (BREB/ PBS/ Consultant) will be an added advantage for interested candidates.<br>d) Age limit may be relaxed for departmental (Serving in BREB/PBS at Revenue/ Project Post or Served in BREB's Project up to the Completion of the Project) Candidates. | অন-প্রবেশনকালীন মূল বেতন ২৯,৬০০/- (উনত্রিশ হাজার ছয়শত) টাকা সহ অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। |

শর্তাবলী ঃ-

০১। নিয়োগপ্রাপ্ত হলে বাপবিবোর্ডে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকুরী করতে হবে। চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশকৃত প্রার্থীদেরকে তাদের শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ০৩ (তিন) বছরের জন্য বাপবিবোর্ড কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে।

০২। **নির্ধারিত আবেদন ফরম (ফরম-২) বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড এর ওয়েব সাইট (www.reb.gov.bd) হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্র সহ)। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। হাতে হাতে কোন আবেদন ফরম প্রদান করা হবে না।**

০৩। **নির্ধারিত আবেদন ফরম (ফরম-২) ব্যতীত অন্য কোন আবেদন ফরম এ আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।**

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত/ব্যবহারিক/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৫। **আবেদনপত্র আগামী ১০/০৪/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৮ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর বরাবরে ডাক/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/ নির্ধারিত বাক্সে সরাসরি পৌঁছাতে হবে। অফিস সময়ের পর বা হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবেনা।**

০৬। **খামের উপরে প্রার্থীত পদের নাম ও নিজ জেলা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র A4 সাইজের খামে প্রেরণ করতে হবে।** আবেদনপত্রে যাতে কোন ভাঁজ না পড়ে তা নিশ্চিত করতে হবে।

০৭। প্রার্থী মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে খামের উপরে তা সুনির্দিষ্টভাবে লিখতে হবে।

০৮। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) ও **সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (জিআইএস) পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের ক্রসড্ পোস্টাল অর্ডার পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা-এর অনুকূলে সংযুক্ত করতে হবে।** পোস্টাল অর্ডার ব্যতীত আবেদনপত্র প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী, কোটা ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। ১৮ বৎসর এর কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই।

১১। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদনপত্র গ্রহণ করা হবেনা।

১২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন প্রকার অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

১৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ থেকে কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদের মধ্য হতে প্রয়োজন অনুযায়ী লিখিত ও মৌখিক সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। **পরীক্ষায় কৃতকার্য হলেও পরবর্তীতে কোন ত্রুটি ধরা পড়লে কিংবা যে কোন ধরনের অসংগতি পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

১৪। **প্রতিটি পদের বিপরীতে বর্ণিত শূণ্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালীন কম/বেশী হতে পারে।**

১৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, পঠিত বিষয়, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমানিত হলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। কোন পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১৭। বাংলাদেশের নাগরিক নয় এরকম কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে অথবা যদি সে পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক সততা, নৈতিক স্খলন এর কারণে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন অথবা যদি সে দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে সে প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

১৮। চাকুরীলাভের জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে অযোগ্যতা বলে গণ্য হবে।

১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

পরিচালক
পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদরদপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
www.reb.gov.bd
বাপবিবো/জন ( ) ২০১৬-২০১৭।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

**ফরম - ২**

পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)।

# পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরীর আবেদন ফরম
## (প্রার্থীর স্বহস্তে বাংলায় পূরণযোগ্য)

পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ............................................ ৩. পদের ধরণ ঃ

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

........................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

........................................
৫. প্রকাশনার তারিখ

........................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম

........................................
৭. জন্ম তারিখ (এস,এস,সি/সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী)

........................................
৮. পিতার নাম

........................................
৯. বয়স (১০/০৪/২০১৭ খ্রিঃ তারিখে)

........................................
১০. মাতার নাম

........................................
১১. ধর্ম

........................................
১২. জাতীয়তা

........................................
১৩. নিজ জেলা

........................................
১৪. টেলিফোন/মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (টিক দিন) ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ........................ | ........................ | ........................ | ........................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. পত্র যোগাযোগের ঠিকানাঃ

| ........................ | ........................ | ........................ | ........................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

| ........................ | ........................ | ........................ |
|---|---|---|
| ১৯. পোষ্টাল অর্ডার নম্বর | ২০. পোষ্টাল অর্ডারের মুল্য | ২১. ক্রয়ের তারিখ |

D:\D drive-2016\Mosharaf Hosain Maruf\Nioug\AGM (GIS)\Application form.doc

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্ত অনুযায়ী পূরণ করতে হবে) ঃ

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ সিজিপিএ | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**বিঃ দ্রঃ- যে বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেছেন তা সুস্পষ্টভাবে উপরের ছকে “পরীক্ষার নাম”-এর সঙ্গে উল্লেখ করতে হবে (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)।**

২৩. অভিজ্ঞতার বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগ কর্তৃপক্ষের পদবী ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| (ক) নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর | (খ) নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর |
|---|---|
| | |
| | |

আমি শপথ করে বলছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং উহা সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হই তবে সেই সময় আমার সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয়তা সনদ ও অভিজ্ঞতা সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) মূল কপি অবশ্যই প্রদর্শণ করব। আমি আরও ঘোষনা করছি যে, আমি বাংলাদেশের নাগরিক নয় এরকম কোন ব্যক্তিকে বিয়ে করিনি বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হইনি অথবা পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক সততা, নৈতিক স্খলন এর কারণে অপসারিত বা বরখাস্তকৃত হইনি অথবা দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হইনি।

.................................... তারিখ

.......................................... আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনপত্রের সঙ্গে কোন সনদ/ কাগজপত্র সংযোজনের প্রয়োজন নেই। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী সকল সনদ/কাগজপত্রের মূল কপি সহ প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট ফটোকপি সঙ্গে আনতে হবে।

D:\D drive-2016\Mosharaf Hosain Manu\Niyog\AGM (GIS)\Application form.doc

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified


পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোনঃ ০২-৮৯০০৪৩৩


পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি এ ঘরে আঠা দিয়ে লাগাতে হবে।

# লিখিত/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষা

## প্রবেশ পত্র

প্রার্থীর রোল নম্বর ................................................................ (অফিস কর্তৃক পূরণীয়)

পদের নাম ........................................................................................ (প্রার্থী কর্তৃক পূরণীয়)

(অফিস কর্তৃক পূরণীয়)

পরীক্ষার তারিখ ..................................................................

সময় ..................................................................

কেন্দ্রের নাম ..................................................................

ঠিকানা ..................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ও সীল ..............................

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

প্রার্থীর নাম ..................................................................................

যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ........................................................

..........................................................................................................

..........................................................................................................

..........................................................................................................

D:\D drive-2016\Mosharaf Hosain Maruf\Nioug\AGM (GIS)\Application form.doc

## পরীক্ষার্থীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১॥ পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২॥ নির্ধারিত সময়ের অন্তত: ১৫ (পনের) মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩॥ উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪॥ পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ ও মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫॥ চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬॥ পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭॥ পরীক্ষা কক্ষে ধুমপান নিষিদ্ধ।

৮॥ উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে প্রয়োজন মনে করলে পরিদর্শক গোপনীয়ভাবে পরীক্ষার্থীর রোল নম্বর সংগ্রহ করত: তা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

৯॥ পরীক্ষায় কৃতকার্য হলেও পরবর্তীতে কোন ত্রুটি ধরা পড়লে কিংবা যে কোন ধরণের অসংগতি পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

——— ০ ———

D:\D drive-2016\Mosharaf Hosain Maruf\Nioug\AGM (GIS)\Application form.doc